

G. 182

সরকারী কলেজ শিক্ষক পরিষদের

১১ দফা

৥ স্টাফ রিপোর্ট ৥

বাংলাদেশ সরকারী কলেজ
শিক্ষক পরিষদ তাদের ১১-দফা
দাবী মেনে নেবার জন্য সরকারের
প্রতি আহ্বান জানিয়েছে।

জাতীয় প্রেসস্লাবে গতকাল
বিকালে আয়োজিত এক সাংবাদিক
সম্মেলনে পরিষদ নেতৃবৃন্দ বলেন
যে শিক্ষা মন্ত্রণালয়ের কাছে তারা
এপ্রিল স্মারকলিপি পেশ করা
হয়েছে এবং আগামী ১১শে এপ্রিল
পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কমিটি
টির সভায় বৃহত্তর আন্দোলনের
কর্মসূচী গ্রহণ করা হবে।

পরিষদের দাবীর মধ্যে রয়েছে :
জাতীয়কৃত কলেজের শিক্ষক ও
কর্মচারীদের ইফেকটিভ সার্ভিস-
সহ বিবিগত সিনিয়রিটির ভিত্তিতে
অবিলম্বে টাইম স্কেল প্রদান,
তাদের চাকরি নিয়ামিতকরণে
ত্বরিত ব্যবস্থা গ্রহণ, আত্মী-
করণ বিধিমালায় সংশোধন,
জাতীয়কৃত কলেজের শিক্ষক কর্ম-
চারীদের বিভিন্ন কলেজে পূর্ণ
চাকরিকালের ভিত্তিতে সিনিয়রিটি
পদমর্যাদা ও বেতন স্কেল নির্ধা-
রণ, অবিলম্বে পদোন্নতির মাধ্যমে
সহযোগী ও সহকারী অধ্যাপকের
সকল শূন্য পদ পূরণসহ বিভিন্ন
দাবী।

পরিষদের মহাসচিব জনাব
মোস্তাফিজ হোসেন খান এক
প্রশ্নের জবাবে জানান যে জাতীয়-
কৃত কলেজগুলোতে প্রায় দুই হাজার
শিক্ষকের পদ বালি রয়েছে।
পদোন্নতির মাধ্যমে অধ্যাপক সহ-
যোগী ও সহকারী অধ্যাপকের
পদ পূরণ করা হলে প্রায় দেড়
হাজার প্রভাষকের পদ শূন্য হবে।